



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২২/০১/২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৬ এর উপস্থিত বক্তৃতা পর্ব অনুষ্ঠিত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের আয়োজনে প্রথমবারের মত বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৬ এর উপস্থিত বক্তৃতা (বাংলা ও ইংরেজি) পর্ব। সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে আন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৬ এর উপস্থিত বক্তৃতা পর্ব উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এ প্রতিযোগিতায় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৯ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। সমাপনী পর্বে ফলাফল ঘোষনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইয়ামুল হক। আরও উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, ববির কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক শেরে বাংলা হলের প্রভোস্ট আবদুল্লাহ আল মাসুদ, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মো. তানভীর কায়সারসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ। উল্লেখ্য বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে এ ধরনের আয়োজন বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরে এই প্রথম। ফলাফল ঘোষনার সময় উপাচার্য মহোদয় বলেন এ ধরনের আয়োজনের মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যোগাযোগ আরও বৃদ্ধি পাবে এবং বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের জ্ঞানের পরিধী সম্মদ্ধ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রশমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)